

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সিপি-২ শাখা
www.mopa.gov.bd

নম্বর ০৫.০০.০০০০.১৯৬.২৩.০০১.২৪.২৭৮

তারিখ: ৩ পৌষ ১৪৩০
১৮ ডিসেম্বর ২০২৩

বিজ্ঞপ্তি

বিষয়: 'বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক ২০২৪' প্রদানের জন্য আবেদন আহ্বান।

জনপ্রশাসনে কর্মরত কর্মচারীদের সৃজনশীল কার্যক্রম উৎসাহিত করার লক্ষ্যে বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক নীতিমালা, ২০২২ (সংশোধিত) অনুসারে ১২টি ক্ষেত্রে জনপ্রশাসনে গুরুত্বপূর্ণ অবদানের জন্য ব্যক্তি/দল/প্রতিষ্ঠানকে বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক প্রদান করা হবে। বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক প্রদান কার্যক্রমের সময়সূচি নিম্নরূপ:

জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক পদকের জন্য আবেদন আহ্বান	-	০৫ জানুয়ারির মধ্যে
জেলা/বিভাগ/মন্ত্রণালয় পর্যায়ের কমিটিতে আবেদন দাখিল	-	০১ ফেব্রুয়ারির মধ্যে
জেলা/বিভাগ/মন্ত্রণালয় পর্যায়ের কমিটি কর্তৃক আবেদন বাছাইপূর্বক চূড়ান্তকরণ	-	০১ মার্চের মধ্যে
জেলা/বিভাগ/মন্ত্রণালয় পর্যায়ের কমিটি কর্তৃক বাছাইকৃত আবেদন জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ	-	০৫ মার্চের মধ্যে
জনপ্রশাসন মন্ত্রণালয়ের বাছাই কমিটি কর্তৃক আবেদন বাছাই ও চূড়ান্তকরণ	-	০২ মে-এর মধ্যে
জনপ্রশাসন মন্ত্রণালয়ের বাছাই কমিটি কর্তৃক বাছাইকৃত আবেদনসমূহ জাতীয় কমিটিতে উপস্থাপন	-	২০ মে-এর মধ্যে
জাতীয় কমিটি কর্তৃক মনোনয়ন চূড়ান্তকরণ	-	১০ জুনের মধ্যে
মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক মনোনয়ন অনুমোদন	-	৩০ জুনের মধ্যে
পদকপ্রাপ্তদের নাম ঘোষণা ও পদক হস্তান্তর	-	২৩ জুলাই

০২। উল্লিখিত সময়সূচি অনুযায়ী ২০২৩ সালের (জানুয়ারি-ডিসেম্বর) কর্মকাল বিবেচনাপূর্বক বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক ২০২৪ প্রদানের লক্ষ্যে নিম্নোক্ত শর্তাবলি প্রতিপালন সাপেক্ষে অনলাইনে bpa.mopa.gov.bd লিংক ব্যবহার করে আগামী ৫ জানুয়ারি ২০২৪ হতে ১ ফেব্রুয়ারি ২০২৪ পর্যন্ত আবেদন দাখিল করা যাবে।

শর্তাবলি:

১। বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক নীতিমালা, ২০২২ (সংশোধিত) অনুসারে সংশ্লিষ্ট কমিটি/কর্তৃপক্ষের নিকট আবেদন অনলাইনে প্রেরণ করতে হবে। এ নীতিমালার ৮নং অনুচ্ছেদে বর্ণিত মনোনয়ন প্রেরণ ও বাছাই প্রক্রিয়া সম্পর্কিত বিধানাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে। সংশোধিত নীতিমালা, আবেদনের ছক ও অনলাইন আবেদনের লিংক জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.mopa.gov.bd) পাওয়া যাবে।

২। সরাসরি হার্ডকপিতে কোন আবেদন গ্রহণ করা হবে না।

৩। নীতিমালায় বর্ণিত আবেদনের ছক (সংযোজনী ক) যথাযথভাবে পূরণ করতে হবে এবং ছকে অবদানের বস্তুনিষ্ঠ বর্ণনা থাকতে হবে।

৪। আবেদনের স্বপক্ষে প্রয়োজনীয় প্রমাণাদি অনলাইনে সংযুক্ত করা যাবে। প্রযোজ্য ক্ষেত্রে প্রকাশিত ভিডিও বা সংবাদের লিংক সংযোজন করা যাবে।

৫। জেলা, বিভাগ, মন্ত্রণালয়/বিভাগের সংশ্লিষ্ট বাছাই কমিটি কর্তৃক প্রাপ্ত আবেদনসমূহ নীতিমালা অনুসারে যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে যাচাই-বাছাইপূর্বক অনুমোদিত কার্যবিবরণী (পিডিএফ ফরমেটে) নির্ধারিত সময়ের মধ্যে বর্ণিত অনলাইন সিস্টেমে আপলোড করতে হবে।

আবেদন বাছাই ও মনোনয়ন প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

সংযুক্তি: বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক নীতিমালা ২০২২ (সংশোধিত) ও সংযোজনীসমূহ,



২৫-১২-২০২৩

সেখ কামাল হোসেন

উপসচিব

ফোন: ৯৫১৩৫৪৪

ইমেইল: cp2@mopa.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সিনিয়র সচিব/সচিব (সকল) (আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থায় প্রচারের অনুরোধসহ)
- ৪) বিভাগীয় কমিশনার, খুলনা/রাজশাহী/সিলেট/বরিশাল/ময়মনসিংহ/রংপুর/ঢাকা/চট্টগ্রাম (তথ্য বাতায়নে প্রকাশ এবং আওতাধীন দপ্তরসমূহের মধ্যে প্রচারের অনুরোধসহ)
- ৫) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (বঙ্গবন্ধু জনপ্রশাসন পদক ম্যানেজমেন্ট সিস্টেমটি সংশোধিত নীতিমালা অনুসরণ করে হালকরণ করা এবং সিস্টেমটি সচল রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ সার্বক্ষণিক যোগাযোগ ও সমন্বয়ের স্বার্থে একজন ফোকাল পয়েন্ট কর্মকর্তা মনোনয়নের জন্য অনুরোধ করা হলো)
- ৬) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৭) সকল জেলা প্রশাসক (জেলা তথ্য বাতায়নে প্রকাশ এবং আওতাধীন দপ্তরসমূহের মধ্যে প্রচারের অনুরোধসহ)
- ৮) উপসচিব, প্রশাসন-৪ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৯) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ১০) সকল উপজেলা নির্বাহী অফিসার (তথ্য বাতায়নে প্রকাশ এবং আওতাধীন দপ্তরসমূহের মধ্যে প্রচারের অনুরোধসহ)
- ১১) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে সংশ্লিষ্ট নীতিমালা ও সংযোজনীসহ প্রকাশের অনুরোধসহ)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসকের কার্যালয়

গাজীপুর

সাধারণ শাখা-১

www.gazipur.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪১.৩৩০০.০০৫.৪১.০০২.২৩.২৯

তারিখ: ২৬ পৌষ ১৪৩০

১০ জানুয়ারি ২০২৪

পত্রের মর্মানুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



১৫-১-২০২৪

মো: শাহরুখ খান

পজেলা নির্বাহী কর্মকর্তা (সকল), গাজীপুর।

সিনিয়র সহকারী কমিশনার

ফোন: +৮৮-০২-৪৯২৭৩০১৯

ফ্যাক্স: +88-02-49273022

ইমেইল: acgeneralgazipur@gmail.com

স্মারক নম্বর: ০৫.৪১.৩৩০০.০০৫.৪১.০০২.২৩.২৯/১

তারিখ: ২৬ পৌষ ১৪৩০

১০ জানুয়ারি ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সার্বিক, জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর
- ২) সহকারী কমিশনার (গোপনীয়), গোপনীয় শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর
- ৩) সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর।
- ৪) অফিস কপি



১৫-১-২০২৪

মো: শাহরুখ খান

সিনিয়র সহকারী কমিশনার